



গুজরার টিচার্স ট্রেনিং কলেজে 'উচ্চ মাধ্যমিক পর্যায়ে মনোবিজ্ঞান শিক্ষা কার্যক্রমের সমস্যা ও সমাধানের উপায়' শীর্ষক সেমিনারে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ

■ সমকাল

মনোবিজ্ঞানের প্রায়োগিক ক্ষেত্র চিহ্নিত করতে হবে : শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের উন্নয়নে মনোবিজ্ঞানীরা গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন। মনোবিজ্ঞানের প্রায়োগিক ক্ষেত্রগুলো চিহ্নিত করতে তাদের এগিয়ে আসতে হবে। সে অনুযায়ী প্রয়োজনীয় জনবল তৈরির উদ্যোগ নিতে হবে।

'উচ্চ মাধ্যমিক পর্যায়ে মনোবিজ্ঞান শিক্ষা কার্যক্রমের সমস্যা ও সমাধানের উপায়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ মনোবিজ্ঞান সমিতির উদ্যোগে গতকাল গুজরার টাকা টিচার্স ট্রেনিং কলেজ 'মিলনায়তনে' এ সেমিনার অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, একজন মানুষের সার্বিক বিকাশ ও সমাজের অগ্রগতিতে মনোবিজ্ঞানীরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বিশেষভাবে শিশুদের মনস্তাত্ত্বিক বিকাশ ও তাদের বিভিন্ন সমস্যা সমাধানে মনোবিজ্ঞানীদের ভূমিকা গুরুত্বপূর্ণ। স্কুল পর্যায়ে অটিস্থিক শিশুদের চিহ্নিত করা ও মানসিক বিকাশে তাদের সাহায্য প্রয়োজন।

মনোবিজ্ঞান সমিতির সভাপতি অধ্যাপক ড. মাহমুদুর রহমানের সভাপতিত্বে সেমিনারে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, মনোবিজ্ঞান সমিতির সহ-সভাপতি ও পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. জাফর আহমদ খান, মাউশির মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র সাহা এবং মনোবিজ্ঞান সমিতির সাবেক সভাপতি ড. মো. রওশন আলী ও ড. আবদুল খালেক বক্তব্য রাখেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সমিতির সাধারণ সম্পাদক ড. শামসুদ্দীন ইলিয়াস। বক্তারা উচ্চ মাধ্যমিকের মানবিক শাখায় মনোবিজ্ঞানকে আবশ্যিক ও ঐচ্ছিক বিষয় হিসেবে এবং বিজ্ঞান ও বাণিজ্য শাখায় ঐচ্ছিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার আহ্বান জানান।